

09

শহীদ শফি ইমাম রুমীর
স্মৃতিরক্ষায় ঢাকা ভাঙ্গিটিতে
বৃত্তি প্রদান

।। স্টাফ রিপোর্টার ।।

১৯৯১-এর শহীদ শফি ইমাম রুমীর স্মৃতি রক্ষার্থে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি বৃত্তি প্রদান করা হচ্ছে। এবং এ জন্য তাঁর মা জাহানারা ইমাম বিশ্ববিদ্যালয়কে এক লাখ টাকা প্রদান করেছেন।

স্বাধীনতা সংগ্রাম চলাকালে ১৯৭১ সনে ২৯শে আগস্ট, পাকিস্তানী দখলদার বাহিনী কর্তৃক ধরে নেয়া ও তখন থেকে নিখোঁজ শফি ইমাম (রুমী)-এর স্মৃতি রক্ষার্থে তাঁর মাতা মিসেস জাহানারা ইমাম ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি বৃত্তি প্রবর্তনের জন্য গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিল্লার কাছে এক লাখ টাকা প্রদান করেন। এই টাকার আয় থেকে প্রতিবছর সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগের (বি এস এস) সম্মান পরীক্ষায় প্রথম স্থান অধিকারী একজন ছাত্রকে মাসিক ১,০০০ (এক হাজার) টাকা হারে এক বছরের জন্য একটি বৃত্তি মঞ্জুর করা হবে। উল্লেখ্য, ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের স্মৃতি কথা 'একাত্তরের দিনগুলো' গ্রন্থের লেখিকা হিসেবে বিশেষভাবে পরিচিত মিসেস জাহানারা ইমামের উপন্যাস, কিশোর নাহিত্য, অনুবাদ, ছোট গল্প প্রভৃতি বিষয়ে ১৫টিরও অধিক পুস্তক প্রকাশিত হয়েছে। উপাচার্য বিশ্ববিদ্যালয়কে প্রদত্ত এই মহতী দানের জন্য মিসেস ইমামকে ধন্যবাদ জ্ঞাপন করেন।